

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
ঢাকা

[মুসক অনুবিভাগ]

আদেশ

সাধারণ আদেশ নং-০৪/মুসক/২০১৬

তারিখঃ ১৯ জ্যৈষ্ঠ, ১৪২৩ বঙ্গাব্দ/০২ জুন, ২০১৬খ্রি:।

বিষয়ঃ ফিল্টারযুক্ত/ফিল্টার বিয়ুক্ত বিড়ি খাতে নতুন ট্যারিফ মূল্য ও সম্পূরক শুল্ক নির্ধারণের কারণে মাঠ পর্যায়ের গ্রহণীয় কার্যক্রম বিষয়ে দিক-নির্দেশনা প্রসঙ্গে।

জাতীয় রাজস্ব বোর্ডের সাধারণ আদেশ নং- ০২/মুসক/২০১৬ তারিখ- ০২ জুন, ২০১৬ এর মাধ্যমে স্থানীয় পর্যায়ে উৎপাদিত যন্ত্র ব্যতীত হাতে তৈরী বিড়ি (ফিল্টার বিয়ুক্ত) প্রতি ২৫ (পঁচিশ) শলাকার ক্ষেত্রে ট্যারিফ মূল্য ৭.১০ (সাত দশমিক এক শূন্য) টাকা, প্রতি ১২(বার) শলাকার ক্ষেত্রে ট্যারিফ মূল্য ৩.৪০ (তিন দশমিক চার শূন্য) টাকা, প্রতি ০৮ (আট) শলাকার ক্ষেত্রে ট্যারিফ মূল্য ২.২৫ (দুই দশমিক দুই পঁচ) টাকা, এবং যন্ত্র ব্যতীত হাতে তৈরী ফিল্টারযুক্ত প্রতি ২০ (বিশ) শলাকার ক্ষেত্রে ট্যারিফ মূল্য ৭.৭৫ (সাত দশমিক সাত পঁচ) টাকা, প্রতি ১০ (দশ) শলাকার ক্ষেত্রে ট্যারিফ মূল্য ৩.৮৫ (তিন দশমিক আট পঁচ) টাকা নির্ধারণ করা হয়েছে এবং অভ্যন্তরীণ সম্পদ বিভাগের প্রজ্ঞাপন এসআরও নং- ১৭৯-আইন/২০১৬/৭৫৫-মুসক, তারিখ: ০২ জুন, ২০১৬ খ্রিঃ এর মাধ্যমে ফিল্টার বিয়ুক্ত ও ফিল্টার সংযুক্ত বিড়ির সম্পূরক শুল্কের হার যথাক্রমে ৩০% এবং ৩৫% ধার্য করা হয়েছে। বিড়ির উপর ট্যারিফ মূল্য ও মোট করভার নিম্নে বর্ণিত ছকে উল্লেখ করা হলোঃ

পণ্যের বিবরণ	একক	ট্যারিফ মূল্য (টাকা)	সম্পূরক শুল্ক হার (%)	করভার (মুসক+সম্পূরক শুল্ক) (টাকা)
যন্ত্রের সাহায্য ব্যতীত হাতে তৈরী বিড়ি (ফিল্টার বিয়ুক্ত)	৮ শলাকা প্রতি প্যাকেট	২.২৫	৩০	১.১১
	১২ শলাকা প্রতি প্যাকেট	৩.৪০	৩০	১.৬৮
	২৫ শলাকা প্রতি প্যাকেট	৭.১০	৩০	৩.৫১
যন্ত্রের সাহায্য ব্যতীত হাতে তৈরী বিড়ি (ফিল্টার সংযুক্ত)	১০ শলাকা প্রতি প্যাকেট	৩.৮৫	৩৫	২.১৩
	২০ শলাকা প্রতি প্যাকেট	৭.৭৫	৩৫	৪.২৮

০২। যেহেতু ০২ জুন, ২০১৬ খ্রি: তারিখ হইতে নির্ধারিত ট্যারিফ মূল্য ও সম্পূরক শুল্ক কার্যকর হইবে, সেহেতু এই খাতে উক্ত তারিখ থেকেই যথাযথ রাজস্ব নিশ্চিতকরণের লক্ষ্যে মাঠ পর্যায়ের কার্যক্রম গ্রহণ করা জরুরি বিবেচনায় নিম্নরূপ সতর্কতামূলক পদক্ষেপ গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশ প্রদান করা হইলঃ

(ক) সরকারী ড্রেজারী এবং ডাকঘরে তাৎক্ষণিকভাবে ব্যাল্ডরোলার স্টক পরীক্ষাপূর্ণ ঠিক উল্লিখিত আদেশ কার্যকর হওয়ার তারিখ থেকে মূ ঠিক এবং সম্পূরক শুল্ক জমা প্রদানের বিষয়টি নিশ্চিত করিতে হইবে;

(খ) এই খাত হইতে প্রাপ্ত রাজস্ব মুসক কোড নং ১/১১৩৩/সংশ্লিষ্ট কমিশনারেট কোড/০৩১১ এবং সম্পূরক শুল্ক কোড নং ১/১১৩৩/সংশ্লিষ্ট কমিশনারেট কোড/০৭১১ এ যথাক্রমে ফিল্টারযুক্ত বিড়ির ক্ষেত্রে মোট রাজস্বের ৩৬.৬৫% ও ৬৩.৩৫% হারে এবং ফিল্টার বিয়ুক্ত বিড়ির ক্ষেত্রে ৩৯.৩৯% ও ৬০.৬১% হারে জমা প্রদানের ব্যবস্থা গ্রহণ করিতে হইবে;

(গ) যেহেতু বর্তমানে ফিল্টার বিয়ুক্ত বিড়ির ক্ষেত্রে প্রতি প্যাকেটে ব্যবহার্য ব্যাল্ডরোলার মূল্য প্রতি পঁচিশ শলাকার জন্য ৩.৫১ (তিন দশমিক পঁচ এক) টাকা, প্রতি বারো শলাকার জন্য ১.৬৮ (এক দশমিক ছয় আট) টাকা ও প্রতি আট শলাকার জন্য ১.১১ (এক দশমিক এক এক) টাকা এবং

ফিল্টারযুক্ত বিড়ির ক্ষেত্রে প্রতি বিশ শলাকার জন্য ৪.২৮ (চার দশমিক দুই আট) টাকা ও প্রতি দশ শলাকার জন্য ২.১৩ (দুই দশমিক এক তিন) টাকা হারে রাজস্ব প্রদান করিতে হইবে; সেহেতু ফিল্টার সংযুক্ত এবং ফিল্টার বিযুক্ত উভয় ক্ষেত্রে, নতুন ব্যান্ডরোল প্রস্তুত না হওয়া পর্যন্ত নতুন হার মোতাবেক পার্থক্যজনিত রাজস্ব বাবদ যথাযথ পরিমাণ অর্থ উপ-অনুচ্ছেদ (খ) অনুসরণপূর্ক ট্রেজারীতে জমা প্রদানের ব্যবস্থা করিতে হইবে; এবং

(ঘ) ফিল্টার সংযুক্ত/ফিল্টার বিযুক্ত বিড়ি কারখানায় উপযুক্ত কর্মকর্তা প্রেরণপূর্ক অব্যবহৃত ব্যান্ডরোল মজুদ, ব্যান্ডরোল সংযুক্ত অবস্থায় বিড়ির মজুদ, ব্যান্ডরোলবিহীন বিড়ির মজুদ ইত্যাদির হিসাব গ্রহণ করিতে হইবে। মজুদ ব্যান্ডরোল ও লাগানো ব্যান্ডরোলের বিপরীতে পুরাতন হারে অর্থ জমা প্রদান করা হইয়া থাকিলে নতুন হার মোতাবেক পার্থক্যজনিত রাজস্ব বাবদ যথাযথ পরিমাণ অর্থ উপ-অনুচ্ছেদ (খ) অনুসরণপূর্ক ট্রেজারীতে জমা প্রদানের ব্যবস্থা করিতে হইবে।

০৩। উপর্যুক্ত নির্দেশাবলী ছাড়াও মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ ও মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১ অনুযায়ী অপরিহার্য অন্যান্য আনুষ্ঠানিকতা প্রযোজ্য ক্ষেত্রে পালন করিতে হইবে।

০৪। মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১ এর বিধি ৩৮ এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড এই আদেশ জারি করিল এবং উহার ২১ জ্যৈষ্ঠ, ১৪২২ বঙ্গাব্দ মোতাবেক ০৪ জুন, ২০১৫ খ্রিষ্টাব্দ তারিখের সাধারণ আদেশ নং ০৬/মূর্ক/২০১৫ রহিত করিল।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

[মোহাম্মদ ফাইজুর রহমান]

প্রথম সচিব (মূর্ক নীতি)